

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

www.dme.gov.bd

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.০৩.০৫৭.১৮.২০

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৪

০৮ মার্চ ২০১৮

বিষয়: রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন সোনাতন দারুচ্ছুনাহ দাখিল মাদরাসার সুপার জনাব মো: আব্দুস ছাত্তার আজাদ (ইনডেক্স নং-৩৮৪৫৩৩) এর এমপিও শীটে সংশোধিত পদবী (সুপার) মুদ্রণ ও বেতন কোড ০৭ নির্ধারণ পূর্বক বেতন ভাতাদি (এমপিও) না দেয়ার বিষয়ে ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র: ০১. জেলা শিক্ষা অফিসার, রংপুর এর স্মারক নং: ডিইও/রং/২০১৭/৩৩৪ তারিখ ১৪.০৯.২০১৭

খি:

০২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউনিয়া, রংপুর এর স্মারক নং:

উমাশিঅ/কাউ/রং/২০১৭/১৭৮ তারিখ: ২৪.০৮.২০১৭ খি:

উপর্যুক্ত বিষয়ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতিও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন সোনাতন দারুচ্ছুনাহ দাখিল মাদরাসার সুপার জনাব মো: আব্দুস ছাত্তার আজাদ (ইনডেক্স নং-৩৮৪৫৩৩) এর সুপার পদবী এমপিও শীটে মুদ্রিত নেই এবং তাঁর বেতন কোড প্রাপ্য ০৭ কোডের স্থলে ০৯ নং কোড নির্ধারিত আছেন মর্মে সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউনিয়া, রংপুর কর্তৃক জানা যায়।

০৩. সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউনিয়া কর্তৃক উপস্থাপিত তদন্ত প্রতিবেদনে বর্ণিত সুপার জনাব মো: আব্দুস ছাত্তার আজাদ এর সুপার পদবী এমপিও কপিতে মুদ্রণ ও তাঁর বিদ্যমান বেতন কোড ০৯ এর পরিবর্তে ০৭ নং কোডে নির্ধারণের নিমিত্ত মতামত প্রদান করা হয়।

০৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউনিয়া, রংপুর কর্তৃক বর্ণিত বিষয়ে মতামত প্রদানের পর সংশ্লিষ্ট সুপার জনাব মো:

আব্দুস ছাত্তার আজাদ তাঁর এমপিওতে পদবী (সুপার) মুদ্রণ ও বেতন কোড ০৭ নির্ধারণের লক্ষ্যে ০১.০৬.২০১৭ খি:

তারিখ অনলাইনে আবেদন করেন।

০৫. সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মাধ্যমে জেলা শিক্ষা অফিসার, রংপুর কর্তৃক বর্ণিত সুপার পদবী এমপিও কপিতে মুদ্রণ এবং তাঁর বেতন কোড ০৯ নং হতে ০৭ নং কোডে নির্ধারণের নিমিত্ত মতামত চেয়ে মাদরাসা শিক্ষা অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।

০৬. উপ-পরিচালক, মাউশি অধিদপ্তর রংপুর অঞ্চল কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক তদন্ত কর্মকর্তা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউনিয়া, রংপুর বর্ণিত শিক্ষকের সুপার পদবী এমপিও কপিতে মুদ্রণ এবং তাঁর বেতন কোড ০৯ নং হতে ০৭ নং কোডে নির্ধারণের নিমিত্ত মতামত/সুপারিশ প্রদান করা হলেও তা বাস্তবায়ন না করে অত্র অধিদপ্তরে মতামত চাওয়ার কারণ জানা প্রয়োজন।

০৭. এমতাবস্থায় রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন সোনাতন দারুচ্ছুনাহ দাখিল মাদরাসার সুপার জনাব মো: আব্দুস ছাত্তার আজাদ এর পদবী (সুপার) এমপিও কপিতে মুদ্রণ ও তাঁর বিদ্যমান বেতন কোড ০৯ নং হতে ০৭ নং এ নির্ধারণের বিষয়টি বাস্তবায়ন না হওয়ায় এ বিষয়ে ব্যাখ্যা প্রয়োজন। আগামি ১৫.০৩.২০১৮ খি: তারিখের মধ্যে বর্ণিত বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলো।



৮-৩-২০১৮

মোঃ বিল্লাল হোসেন

মহাপরিচালক

উপ-পরিচালক

মাউশি অধিদপ্তর, রংপুর অঞ্চল, রংপুর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.০৩.০৫৭.১৮.২০/১(৫)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৪
০৮ মার্চ ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাউনিয়া, রংপুর
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, রংপুর
- ৩) উপজেলা মাধ্যমিক অফিসার, উপজেলা মাধ্যমিক অফিস, কাউনিয়া, রংপুর
- ৪) সুপার/সভাপতি, সোনাতন দারুলুন্নাহ দাখিল মাদরাসা, উপজেলা-কাউনিয়া, জেলা-রংপুর।
- ৫) অফিস, কপি



৮-৩-২০১৮

মাহফুজা ইয়াছমিন

সহকারী পরিচালক